দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি পরিস্থিতি নিয়ে ভিসির সঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রীর বৈঠক

স্বরাষ্ট্রমন্ত্রী আলতাফ হোসেন চৌধুরী বুধবার সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সরকারী কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে মিলিত হন। বৈঠকে ক্যাম্পাস পরিস্থিতি মোকাবিলার বিষয় নিয়ে আলোচনা হয়। খবর ইউএনবির।

শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর, ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী, পুলিশের আইজি মুদাব্বির হোসেন এবং পুলিশ ও স্পেশাল ব্রাঞ্চের উর্ধতন কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর চৌধুরী বৈঠকের আলোচ্য বিষয়বস্তু সম্পর্কে ইউএনবিকে বলেন, তাঁরা ক্যাম্পাস পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং ক্যাম্পাসে সংঘটিত 'সন্ত্রাসী' ঘটনাবলী পর্যালোচনা করেন।